পাবনায় প্রায় ৪ লাখ শিশুকে খাওয়ানো হলো ভিটামিন ‘এ’ ক্যাপসুল

পাবনায় প্রায় ৪ লাখ শিশুকে
খাওয়ানো হলো

শহর প্রতিনিধি: বাংলাদেশ থেকে অপুষ্টি জনিত অন্ধত্ব নির্মুল এবং অপুষ্টি জনিত শিশু মৃত্যু প্রতিরোধে সারা দেশের ন্যায় পাবনায় জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন পালন করা হয়েছে।

শনিবার সকাল ৮ টা থেকে বৃষ্টি উপেক্ষা করে পিতা-মাতারা তাদের সন্তানদের ‘ভিটামিন এ প্লাস’ ক্যাম্পেইন স্থানে নিয়ে এসে ‘ভিটামিন এ প্লাস ক্যাপসুল খাওয়ান।

পাবনার সিভিল সার্জন ডা. সাইফ উদ্দিন ইয়াহিয়া জানান, এবারে পাবনা জেলায় ১ হাজার ৯৪৪টি টিকাদান কেন্দ্রের মাধ্যমে মোট ৩ লাখ ৯৩ হাজার ১৯৮ জন শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মাঠকর্মী, স্বেচ্ছাসেবক ও ১ম সারির তদারককারী মিলে মোট ৬ হাজার ১৮০ জন কর্মী এ ক্যাম্পেইন সফল করতে কাজ করছেন।